দামুড়হুদায় পরিত্যক্ত অবস্থায় দুইটি মোটরসাইকেল উদ্ধার

দামুড়হুদায় আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের সামনে থেকে পরিত্যক্ত অবস্থায় দুইটি মোটরসাইকেল উদ্ধার করেছেন দামুড়হুদা মডেল থানা পুলিশ। গতকাল মঙ্গলবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে পরিত্যক্ত অবস্থায় মোটরসাইকেল দুইটি উদ্ধার করা হয়।

পুলিশ সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার সদরে আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজর সামনে রাত সাড়ে ১২টার দিকে দামুড়হুদা মডেল থানার এএসআই মামুন এবং এএসআই লস্কর সাহাবুদ্দিন ডিউটি চলাকালীন অবস্থায় মালিক বিহীন ০২ (দুই) টি মোটরসাইকেল উদ্ধার করেন। একটি হলো রেজিস্ট্রেশন বিহীন ১১০সিসি টিভিএস মেট্রো প্লাস এবং অপরটি হলো সিবিজেড ১৫০সিসি যাহার রেজিস্ট্রেশন নাম্বার- মেহেরপুর- ল-১১০২২৮। মালিক বিহীন মোটরসাইকেল দুইটি উদ্ধার করে দামুড়হুদা মডেল থানা হেফাজতে রয়েছে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, মালিক বিহীন পরিত্যক্ত অবস্থায় দুইটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে। এখনো পর্যন্ত মোটরসাইকেলের দাবী নিয়ে কেউ যোগাযোগ করেনি, আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।